দৈনিক বাংলা

তারিখ ... 04 NOV 1990 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2 ...

55

# বিশ্ববিদ্যালয় পরিষদ সমস্যার সম্মুখীন

বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস-চ্যান্সেলরদের স্থায়ী কমিটি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সাম্প্রতিক ঘটনার জন্য শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরি-

(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয় পরিষদ

(প্রথম পৃঃ পর)

চালনার ক্ষেত্রে বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছে বলে অভিযোগ করেছে।

কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর মুহম্মদ সিরাজুল ইসলামের সভাপতিত্বে গত বৃহস্পতিবার পরিষদের এক সভায় বলা হয়, বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিকট উপস্থাপিত বিভিন্ন দাবী কোন কোন ক্ষেত্রে বিপরীতধর্মী হওয়ায় প্রশাসনকে যথেষ্ট অসুবিধার সম্মুখীন হতে হয়।

সভায় উদ্বেগ প্রকাশ করে বলা হয়, অবস্থা কোন কোন সময় এমন দাঁড়ায় যে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরদের ব্যক্তিগত নিরাপত্তাও বিঘ্নিত হয়।